

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৬১

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - সাত্র (সতর)

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: بَيْنَمَا رَجُلُ يُصلِّي مسبلا إِزَارِهِ قَالَ لَهُ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اذْهَبْ فَتَوَضَّأَ» فَذهب وَتَوَضَّأَ ثُمَّ جَاءَ فَقَالَ رَجُلُّ: يَا رَسُولَ اللَّهِ مَا لَكَ أَمَرْتَهُ أَنْ يَتَوَضَّأً؟ قَالَ: «إِنَّهُ كَانَ يُصلِّي وَهُوَ مُسْبِلٌ إِزَارَهُ وَإِنَّ اللَّهَ تَعَالَى لَا يَقْبَلُ صلَلَةَ رَجُلٍ مُسْبِلِ إِزَارَهُ وَإِنَّ اللَّهَ تَعَالَى لَا يَقْبَلُ صلَلَةَ رَجُلٍ مُسْبِلِ إِزَارَهُ وَإِنَّ اللَّهَ تَعَالَى لَا يَقْبَلُ صلَلَةَ رَجُلٍ مُسْبِلِ إِزَارَهُ » . رَوَاهُ أَبُو دَاوُد

#### বাংলা

৭৬১-[৮] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি লুঙ্গি (পায়ের গিটের নীচে) ঝুলিয়ে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করছিল। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, যাও উযূ (ওয়ু/ওজু/অজু) করে আসো। লোকটি গিয়ে উযূ করে আসলো। এ সময় এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! আপনি এ লোকটিকে কেন উযূ করতে বললেন (অথচ তার উযূ ছিল)? উত্তরে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, সে তার লুঙ্গি (গিটের নীচে) ঝুলিয়ে রেখে সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করছিল। আর যে ব্যক্তি লুঙ্গি ঝুলিয়ে রেখে সালাত আদায় করে, আল্লাহ তা'আলা তার সালাত কবূল করেন না। (আবূ দাউদ)[1]

## ফটনোট

[1] য'ঈফ : আবূ দাঊদ ৬৩৮, য'ঈফ আত্ তারগীব ১২৪৮। কারণ এর সানাদে আবূ জা'ফার থেকে ইয়াহ্ইয়া ইবনু আবী কাসীর আল্ আনসারী আল্ মাদানী আল্ মুয়াযযিন হাদীস বর্ণনা করেছে যাকে যায়দ আল ৰুত্ত্বান অপরিচিত বলেছেন। আর হাফিয ইবনু হাজার তাৰুরীবে হাদীস বর্ণনায় শিথিল হিসেবে উল্লেখ করেছেন।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: সুনানু আবূ দাউদে আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর বর্ণনায় রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, দুই টাখনুর নিচে কাপড়ের যে অংশ থাকবে তা জাহান্নামে যাবে। তাঁর সালাত (সালাত/নামায/নামাজ) শেষ হওয়ার



পর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে আবার উয় করার নির্দেশ দেয়ার কারণ হলো, তাকে এ শিক্ষা দেয়া যে, সে গুনাহ করেছে। আর উয়ু গুনাহকে ঢেকে দেয় এবং গুনাহের কারণকে দূর করে। যেমন, রাগ ইত্যাদি।

বাহ্যিক পবিত্রতা আভ্যন্তরীণ পবিত্রতার উপর প্রভাব ফেলে। এখানে রসূলের কথাকে এভাবে ব্যাখ্যা করা যেতে পারে যে, আল্লাহ তা'আলা অহংকারী, দাম্ভিক, বড়াইকারীর সালাত কবূল করেন না। এটা অহংকারীদের জন্য সতর্কবার্তা।

লুঙ্গি বা পায়জামাকে ঝুলিয়ে পরিধান করে সালাত আদায় করলে আল্লাহ এরূপ ব্যক্তির সালাত পূর্ণভাবে গ্রহণ করেন না। এ হাদীস দ্বারা এটাও সাব্যস্ত করা যায় যে, টাখনুর নিচে ঝুলিয়ে কাপড় পড়া সালাতকে নষ্ট করে দেয়। আর যখন কাপড় ঝুলিয়ে সালাত আদায়কারীর সালাত প্রত্যাখ্যাত হয় তখন ঐ সালাতও বতিল হয়ে যায়। (আল্লাহ তা'আলাই অধিক জানেন)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন